বাল্যবিবাহের অপরাধে কনের বাবা ও বরের জেল

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়িয়া মন্ডলপাড়ার ৮ম শ্রেণির এক ছাত্রীকে বাল্য বিয়ে দেয়ার অপরাধে মেয়ের বাবা তারিফ রহমান (৪১) কে ৬ মাস ও বর আহাদুর রশিদ (২২)কে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

এছাড়াও মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে মেয়ের ফুপুকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শুক্রবার বিকালে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

তিনি জানান, উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকার মেজবান মন্ডলের মেয়ে ৮ম শ্রেণির ছাত্রী শাম্মী খাতুনের বাল্য বিয়ে হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এ সময় শাম্মী খাতুনের পরিবর্তে তারিন নামে এক প্রাপ্তবয়স্ক মেয়েকে সাজিয়ে কনে হিসেবে উপস্থাপন করে।

পরবর্তীতে বাল্যবিয়ে ও প্রতারণার বিষয়টি নিয়ে তারা দোষ স্বীকার করলে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ মোতাবেক মেয়ের বাবা তারিফ রহমানকে ৬ মাস এবং অপ্রাপ্ত বয়স্ক মেয়েকে বিয়ে করার অপরাধে একই উপজেলার জুনিয়দহ এলাকার এনামুর রশিদ বুলবুলের ছেলে আহাদুর রশিদকে একই আইনে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়া মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে একই আইনে মেয়ের ফুফু হানুকা খাতুনকে কে ৩০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

দর্শনা পৌরসভা নিবার্চনে নব্বই দশকের ছাত্র নেতাদের দৌড়ঝাঁপ

দর্শনা পৌরসভা নিবার্চনকে সামনে রেখে নব্বই দশকের ছাত্র-নেতারা দলীয় মনোনয়ন পেতে দৌড় ঝাঁপ শুরু করেছে। কে কোন দলের প্রার্থী তা নিয়ে এখন নিজ নিজ দলের উচ্চ পর্যায়ের নেতাদের সাথে যোগাযোগ করছেন।

তবে দর্শনা পৌরসভার সম্ভাব্য মেয়র প্রার্থী হিসেবে ৩টি দলের সম্ভব্য প্রার্থী হিসেবে আগ্রহ প্রকাশ করেছেন হাফ ডজন নেতা। এদের মধ্যে আওয়ামী লীগের বর্তমান মেয়র মতিয়ার রহমান ও দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক দুইবারের ভিপি ও জিএস আবু সাঈদ মোঃ হাসান।

বিএনপি প্রার্থী দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক জিএস এনামুল হক শাহ মুকুল ও দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্রদলের সাধারণ সম্পাদক ও বর্তমান দর্শনা পৌর বিএনপির সিনিয়র সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট এবং বাংলাদেশ জামায়ত ইসলামের প্রার্থী সাবেক দর্শনা সরকারি কলেজের ভিপি আশকার আলী দলীয় মনোনয়ন অপেক্ষয় রয়েছেন বলে প্রার্থীরা জানান।

তবে সাবেক মেয়র বিএনপি নেতা মহিদুল ইসলাম সরাসরি জানিয়ে দেন সে নিবার্চনে অংশ নেবেন না। এদিকে কেউ কেউ মেয়র প্রার্থী হিসেবে নিজেকে জাহির করতে দর্শনা শহরের বিভিন্ন স্থানে ছবি সম্বলিত ফেন্টুন লাগিয়েছেন।

এছাড়া মনে মনে অনেকেই মেয়র প্রার্থী হিসেবে দলের উচ্চ পযার্য়ের নেতাদের সাথে যোগাযোগ করে যাচ্ছে বলে জানা গেছে।

আগামী পৌর পরিষদের নিবার্চনকে সামনে রেখে এসব প্রার্থীরা দলীয় মনোনয়ন পেতে দৌড়ঝাঁপ শুরু করেছেন। বিগত ২০১৫ সালের ৩০ ডিসেম্বর দর্শনা পৌরসভা নিবার্চন অনুষ্ঠিত হয়েছিল। ২৪ জানুয়ারী, ২০১৬ তারিখ খুলনাতে নব-নিবার্চিত দর্শনা পৌর পরিষদের শপথ গ্রহণ হয় এবং ১০ ফেব্রুয়ারি-২০১৬ তারিখে পৌর পরিষদের সদস্যরা দায়িত্ব গ্রহণ করেন এবং ১৬/২/২০১৬ তারিখে নব-নিবার্চিত পরিষদের প্রথম সভা

অনষ্ঠিত হয়।

ফলে আগামী ৩০ ডিসেম্বর-২০২০ তারিখে নিবার্চন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। পৌরসভা নিবার্চন ঘিরে ইতোমধ্যে ৯০ দশকের বেশ কয়েকজন জনপ্রিয় ছাত্র নেতার আগামী পৌরসভা মেয়র নিবার্চনে মেয়র প্রার্থী হিসেবে অংশ নিতে সম্মতি জানিয়েছেন। তবে দলীয় মনোনয়ন কে পাবেন তার উপর নির্ভর করছে এসব ছাত্র নেতাদের মধ্যে কে কে প্রার্থী হবেন।

বিগত ২০১৫ সালের নিবার্চনের সময় দর্শনা পৌর এলাকায় ভোটার সংখ্যা ছিলো ২৪ হাজার ১৯৫ জন। ২০১৫ সালে পৌর মেয়র প্রার্থী হিসেবে অংশ নেয় ৩জন প্রার্থী এরা হলেন, আওয়ামী লীগের প্রার্থী মতিয়ার রহমান তিনি নৌকা প্রতিকে ১১ হাজার ৭৯৯ ভোট পেয়ে নিবার্চিত হয়েছিলেন। তার নিকটতম প্রার্থী বাংলাদেশ জামায়াত ইসলামের প্রার্থী আশকার আলী ভোট পেয়েছিলেন ৩ হাজার ৪৫৯ এবং বিএনপি প্রার্থী সাবেক মেয়র মহিদুল ইসলাম ৩ হাজার ২৭ ভোট পান। এ তিন জন প্রার্থীকে পৌরবাসী ১৮ হাজার ২৮৫ ভোট প্রদান করেন।

তবে দামুড়হুদা নিবার্চন অফিসের তথ্য মতে ২০২০ সালে দর্শনা পৌরসভায় ২৮ হাজার ৬৮ জন ভোটার আগামী নিবার্চনে ভোট প্রদান করবেন বলে আশা করা হচ্ছে। এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ১৩ হাজার ৮৬০ জন এবং নারী ভোটার ১৪ হাজার ২০৮ জন। পুরুষের তুলনায় ৩৪৮ জন নারী ভোটার বেশি।

এছাড়া বিগত ৫ বছরে নতুন ভোটার সংখ্যা বেড়ে দাঁড়িছে ৩ হাজার ৮৭৩ জন। আগামী দর্শনা পৌরসভা নিবার্চনে নতুন প্রজন্মের ভোটারা পুরাতন প্রার্থীকে ভোট দেবেন নাকি নতুন প্রার্থীকে বেছে নেবে তা এখন অপেক্ষার পালা। তবে বিগত দিনে দর্শনা পৌরসভার উন্নয়ন কি হওয়ার কথা ছিল আর কি হয়েছে এ দিকটাও সাধারণ ভোটারা লক্ষ্য করছেন।

গাংনীতে ভুল অপারেশনে গৃহবধূর মৃত্যু’র অভিযোগ

মেহেরপুরের গাংনীতে ভুল অপারেশনে সুরভী খাতুন (১৭) নামের এক গৃহবধূর মৃত্যু’র অভিযোগ উঠেছে। শুক্রবার সন্ধ্যায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। সুরভী খাতুন উপজেলার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর পশ্চিমপাড়ার দিনমুজুর সুরুজ আলীর মেয়ে ও প¦◌ার্শবর্তী ডাংমড়কা গ্রামের বাঁশিরুল ইসলামের স্ত্রী।

সুরভীর খালু নাজমুল হক জানান, সুরভী খাতুনকে গত বুধবার বিকালে বামন্দীর আল শেফা ক্লিনিকে (ফজলু ক্লিনিক) সিজারিয়ান অপারেশনের জন্য নেয়া হয়। সেখানে সিজারিয়ান অপারেশন করার পর একটি পুত্র সন্তান হয়। ভুল অপারেশন করার কারণে তার রক্তক্ষরণ শুরু হলে অপারেশনকারী চিকিৎসক ডা: ফজলুল হক রুগীকে ঢাকায় রেফার্ড করে। বৃহস্পতিবার সকাল ১১ টায় সুরভীকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। সুরভীর মামা সাহাজুল ইসলাম জানান, অপারেশন করার পর প্রচুর রক্তক্ষরণ হওয়ায় সুরভীর মৃত্যু হয়েছে। ভুল অপারেশন না হলে রক্তক্ষরণ হবে কেন।

সুরভীর পরিবার জানান,৭ হাজার ৫শ’ টাকা চুক্তিতে সিজারিয়ান অপারেশনের জন্য আল শেফা ক্লিনিকের (ফজলু ক্লিনিক) মালিক নজরুল ইসলামের সাথে চুক্তি হয়। ভুল অপারেশনের মাধ্যমে সুরভীকে হত্যা করা হয়েছে। অপারেশনকারী চিকিৎসক কিংবা ক্লিনিকের বিরুদ্ধে যেন থানায় অথবা সিভিল সার্জন অফিসে অভিযোগ না করি এজন্য নানা ভাবে তদবির ও হুমকি ধামকি দিচ্ছে।

একদিকে মেয়ের মৃত্যু অন্যদিকে ক্লিনিক কর্তৃপক্ষের হুমকি এ নিয়ে তিনি ও পরিবারেরর সদস্যরা বিপাকে পড়েছেন। তারা অভিযুক্ত ডাক্তার ও ক্লিনিক কর্তৃপক্ষের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান।

আল শেফা ক্লিনিকের (ফজলু ক্লিনিক) মালিক নজরুল ইসলাম জানান, সুরভী অসুস্থ ছিলো একারণে তার মৃত্যু হয়েছে। অসুস্থ রোগীকে অপারেশন করালেন কেন জানতে চাইলে তিনি গড়িমশি করেন।

অপারেশকারী চিকিৎসক ফজলুল হক বলেন, সুরভীর একলামশিয়া রোগ ছিলো।

উচ্চ রক্তচাপ ও রক্তক্ষরণ হওয়ার কারণে সুরভীর মৃত্যু হয়েছে। অপারেশনে কোন ভুল ছিলনা।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: এম রিয়াজুল আলম বলেন, আল শেফা ক্লিনিকের (ফজলু ক্লিনিক) বিরুদ্ধে বিস্তর অভিযোগ রয়েছে। প্রয়োজনে ক্লিনিক বন্ধ করার পাশাপাশি আইনগত ব্যবস্থা নেয়া হেবে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা: মিজানুর রহমান জানান, ফজলুল হক মেহেরপুর জেনারেল হাসপাতালে জুনিয়র কনসালটেন্ট হিসেবে কর্মরত রয়েছে। মৃত্যু’র ঘটনায় অভিযোগ করলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, সুরভীর পরিবারের পক্ষ থেকে এখন পর্যন্ত কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আল শেফা ক্লিনিকের (ফজলু ক্লিনিক) বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। তবে মৃত্যু’র সংবাদ পেয়ে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, মৃত্যু’র ঘটনা দু:খ জনক। বিষয়টি তদন্ত পূর্বক ব্যবস্থা নেয়া হবে।

জীবননগর বাঁকা ইউনিয়নে কমসূজনী ৪০ দিনের কাজে চরম অনিয়ম

জীবননগরে ৪০ দিনের কমসূজনী কাজের চরম অনিয়মের অভিযোগ উঠেছে। খাতা কলমে ৪০ জনের নামের তালিকা থাকলেও সেখানে আছে মাত্র ২২ থেকে ২৫জন বাদ বাকি লোকজন উপস্থিত না থাকলেও তোলা হচ্ছে হাজিরা।

তাছাড়া কমসূজনী কাজ দরিদ্রদের মধ্যে দেওয়ার কথা থাকলেও সেখানে স্বজন প্রীতিরর অভিযোগ রয়েছে। এদিকে স্থানীয়রা বলছেন পিআইও অফিসের কোন কর্মকর্তা না থাকায় এ কাজে অনিয়ম হচ্ছে ।

সরেজমিনে বাঁকা ইউনিয়নের ঘোষনগর গ্রামের মাঠের রাস্তার উপর মাটি দেওয়ার দৃশ্য দেখে হতবাক হওয়ার মত অবস্থা। হাজিরা তোলার জন্য

খাতা থাকার কথা থাকলেও সেখানে কোন হাজিরা খাতা নেই। ৪০জন সদস্য থাকার স্থলে আছে মাত্র ২২জন তাও আবার মুখে মুখে। অথচ নামের তালিকায় আছে ৪০জনের নাম ।

একই অবস্থা আরও একটি স্থানে, সেখানে ৪০জনের পরিবর্তে আছে ৩২জন। এর মধ্যে আবার তিনজন পারিবারিক কাজের জন্য অন্য স্থানে চলে গেছে। হাজিরা খাতার বিষয়ে জানতে চাইলে কাজের দায়িত্বরত সরদার মিয়াজান বলেন, হাজিরা খাতা এখনও পাইনি এ জন্য হাজিরা তোলা হয়নি।

তবে আমাদের ৪০জন সদস্য আছে তারা সবাই হাজির হয়। বাঁকা ইউপি সদস্য খাইরুল ইসলাম বলেন, আজ প্রথম দিন তো এজন্য লেবার কম এয়েছে। তবে আগামীতে সবাই আসবে । বাঁকা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রবিউল ইসলাম কমসূজনী কাজের অনিয়মের কথা স্বীকার করে বলেন, কমসূজনী কাজ হচ্ছে অনেক দিন পর । আর আজ প্রথম কাজ শুরু হচ্ছে তো এ জন্য লোকজন কম আসছে তবে আশা করি আগামীতে সবাই কাজে উপস্থিত হবে ।

জীবননগর উপজেলার পিআইও মিজানুর রহমান বলেন, কমসূজনী ৪০দিনের কাজটি আসলে অতিদরিদ্রদের জন্য তারা প্রতিদিন ২শ টাকা হাজিরা পাবে এর মধ্যে ৫০টাকা ব্যাংকে তাদের নামে জমা থাকবে আর ১৫০টাকা হাজিরা তারা প্রতিদিন পাবে ।

এর পর কাজ শেষে তারা তাদের জমাকৃত টাকা ব্যাংক থেকে তুলে নিতে পারবে । আর অনিয়মের বিষয়টার ব্যাপারে আসলে আমাদের অফিসে লোকবল কম থাকার কারণে সমস্থ কাজ একা দেখা সম্ভব হয় না। তবে কাজে যদি অনিয়ম পাওয়া যায় তা হলে যারা এর সাথে জড়িত আছে তদন্ত পূর্বক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে ।

মুজিবনগরে করোনায় আক্রান্ত হয়ে একজনের মৃত্যু

মুজিবনগরে আনার মোল্লা(৪০) নামের একজন করোনা আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে।

শনিবার সন্ধায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আনার মোল্লা মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর গ্রামের দয়াল মোল্লার ছেলে।

পেশায় তিনি ছিলেন একজন কৃষক, এবং তিনি কাঁচামালের খুচরা ব্যাবসাও করতেন। ব্যাবসার উদ্যেশ্যে অনেক সময় তিনি বিভিন্ন বাজারে যেতেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, কয়েক সপ্তাহ আগে তিনি ঠান্ডা, কাশি ও শ্বাসকষ্ট রোগে ভূগছিলেন। পরে তার নমুনা পরিক্ষা করা হলে করোনা পজেটিভ আসে। আস্তে আস্তে তার অবস্থার অবনতি ঘটলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি চিকিৎসাধীন ছিলেন।

মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্স এর আরএমও মাহামুদুল হাসান জানান, নিহতের লাশ রাত ৯ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তার বাসার উদ্যেশে রওনা হয়েছে। নিহতের লাশ পৌছালে স্বাস্থবিধি মেনেই লাশের দাফন সম্পূন্ন করা হবে।

ঝিনাইদহে জাসদের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ’র ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। শনিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে জেলা জাসদের পক্ষ থেকে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় উপদেষ্টা মন্ডলীর সদস্য মনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ-সভাপতি শরাফত ইসলাম, জলিল মিয়া, যুগ্ম

সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল।

এসময় বক্তারা, দুর্নিতী, লুটপাট, অন্যায় অত্যাচারের বিরুদ্ধে সুশাসনের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করতে নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।

মহানবীর (সা.) ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে মহানবী হজরত মুহাম্মদ (সা.) এর ব্যাঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার জুম্মার নামাজের পর গাংনী বাজার বাসষ্টান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে ফ্রান্সের পণ্য বর্জনসহ বিশ্ব মুসলিম উন্মাহকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব মাওলানা মুহাম্মদ আব্দুল কাদের,গাংনী বাজার মসজিদের ঈমাম রুহুল আমীন, গাংনী উপজেলা জামে মসজিদের ঈমাম মাওলানা মুহাম্মদ ইলিয়াস হোসেন প্রমুখ। পরে কুশপুত্তলিকা দাহ করা হয়।

গাংনীর কাজিপুর সীমান্তে ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সীমান্তে ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি।
গতকাল শুক্রবার বিকাল ৩ টায় উপজেলার কাজিপুর বর্ডার পাড়া সীমান্ত থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লে: কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, কাজিপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ ইদ্রিস আলী এর নেতৃত্বে বাংলাদেশের অভ্যন্তরে কাজিপুর বর্ডার পাড়া নামক স্থানে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে পরিত্যাক্ত অবস্থায় ভারতীয় ১শ’৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ফেন্সিডিল গুলোর অঅনুমানিক মূল্যে ১ এক লক্ষ ৭ হাজার টাকা। এ ঘটনার সাথে জড়িতদের সনাক্ত করার চেষ্টা চলছে।

ষষ্ঠ থেকে নবম শ্রেণির সংক্ষিপ্ত সিলেবাস প্রকাশ

ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ৩০ দিনের সংক্ষিপ্ত সিলেবাস প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। গতকাল বৃহস্পতিবার মাউশি’র ওয়েবসাইটে (www.dshe.gov.bd) এই সিলেবাস প্রকাশ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, আঞ্চলিক উপ-পরিচালকদের মাধ্যমে সংক্ষিপ্ত এই সিলেবাস দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হবে। আগামী ১ নভেম্বর থেকে পরবর্তী দুই মাসের (নভেম্বর ও ডিসেম্বর) মধ্যে ৩০ কার্যদিবসে সিলেবাস অনুযায়ী পাঠদান শেষ করবে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান।

শুধু শিক্ষার্থীদের শিখন যোগ্যতা অর্জনের জন্য এই সিলেবাস করা

হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন মাউশি’র এক কর্মকর্তা।

তিনি বলেন, পরবর্তী ক্লাসের প্রয়োজনীয়তার ওপর নির্ভর করে সংক্ষিপ্ত সিলেবাস তৈরি করা হয়েছে। এই সিলেবাস অনুযায়ী পরীক্ষা বা মূল্যায়ন করে ফলাফল নির্ধারিত হবে না। শিক্ষকরা শিক্ষার্থীদের ঘাটতি পূরণ এবং কোথায় সমস্যা রয়েছে, তা চিহ্নিত করবে এই সিলেবাস।

৪০ বছর পর চীনে মুক্তি পাচ্ছে পাকিস্তানি সিনেমা

চীনে মুক্তি পাচ্ছে পাকিস্তানের সিনেমা। প্রায় ৪০ বছর পর আগামী ১৩ নভেম্বর থেকে চীনা হলগুলোতে ‘পারওয়াজ হ্যায় জুনুন’ নামে একটি সিনেমা দেখানো হবে।

পরিচালক হাসিব হাসানের তৈরি এ সিনেমার প্লট এক পাকিস্তানি বিমান সেনা অফিসারকে নিয়ে। জেএফ-১৭ ফাইটার জেট ওড়ানোর স্বপ্ন দেখেন গল্পের নায়ক।

প্রসঙ্গত, পাকিস্তান বিমানবাহিনীর জেএফ-১৭ ফাইটার জেট চীনের তৈরি।
সূত্র: দ্য ওয়াল